

EE2
19/3/25

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত এমআইএস সার্কেল, ঢাকা
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
www.pwd.gov.bd

তারিখ: ৩ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
১৭ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.০০০.৬২০.১৮.০০০৭.১৯.৪৮

বিষয়: ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৪-২৫ বাস্তবায়নের অংশ হিসেবে ডিজিটাইজেশনের মাধ্যমে একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের লক্ষ্যে Pension Supportive Documentation System সফটওয়্যার এর ব্যবহার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সম্মানের সাথে জানানো যাচ্ছে যে, ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৪-২৫ বাস্তবায়নের অংশ হিসেবে ডিজিটাইজেশনের মাধ্যমে একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের লক্ষ্যে অত্র অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মকর্মচারীদের পেনশন প্রক্রিয়ায় যে সকল ডকুমেন্ট প্রয়োজন সেগুলোকে পেনশনে যাবার পূর্বেই ম্যানুয়েল পদ্ধতিতে সংরক্ষণ না করে ডিজিটাল পদ্ধতিতে সংরক্ষণের জন্য একটি Pension Supportive Documentation System সফটওয়্যার তৈরি করা হয়েছে যার মাধ্যমে কর্মকর্তা ও কর্মচারীগণ পেনশন সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য ও ডকুমেন্টস সংরক্ষণ করতে পারবেন যা পেনশন ব্যবস্থাপনাকে সঠিকভাবে ও সঠিক গতিতে এগিয়ে নিতে সহায়ক হবে। এ সংক্রান্ত একটি অফিস আদেশের G.O. প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক স্বাক্ষরিত হয়েছে। ইহা তাঁর সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

সকল সংযুক্তিসমূহ:

(১) Pension Supportive Documentation System GO



১৭-০৩-২০২৫

মোহাম্মদ আব্দুল কাইয়ুম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ই/এম)
se_mis@pwd.gov.bd

অতিরিক্ত সচিব (প্রশাসন-১ অনুবিভাগ)

অতিরিক্ত সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.০০০.৬২০.১৮.০০০৭.১৯.৪৮/১(২)

তারিখ: ৩ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
১৭ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সংস্থাপন ও সমন্বয়/ ইএম পিএন্ডডি), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।



Signature

১৭-০৩-২০২৫

মোহাম্মদ আব্দুল কাইয়ুম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ই/এম)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
www.pwd.gov.bd

নম্বরঃ ২৫.৩৬.০০০০.২০৫.২২.১০১.২০ - ৩৪১


তারিখঃ ২৬ মার্চ ২০২৫

অফিস আদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের উন্নত বাংলাদেশ বিনির্মাণের অংশ হিসেবে এবং গণপূর্ত অধিদপ্তরের কার্যক্রমকে আরো গতিশীল করার লক্ষ্যে গৃহীত বিভিন্ন পদক্ষেপের মধ্যে নিয়মিত উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন, সেবা সহজিকরণ ও ডিজিটাইজেশন প্রক্রিয়া চলমান রয়েছে। এরই ধারাবাহিকতায় পেনশন ব্যবস্থাপনা সহজিকরণ এর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের পেনশন প্রক্রিয়ায় যে সকল ডকুমেন্ট প্রয়োজন সেগুলোকে পেনশনে যাবার পূর্বেই ম্যানুয়াল পদ্ধতিতে সংরক্ষণ না করে ডিজিটাল পদ্ধতিতে সংরক্ষণের জন্য একটি Pension Supportive Documentation System নামে একটি সফটওয়্যার তৈরি করা হয়েছে। Pension Supportive Documentation System একটি ওয়েব ভিত্তিক অনলাইন সফটওয়্যার যেটিতে একজন কর্মকর্তা/কর্মচারী চাকরির অবস্থায় তার পেনশনের জন্য নিজ নিজ ইউজারনেম এবং পাসওয়ার্ড ব্যবহার করে সকল ফরম পূরণ করতে পারবেন এবং সকল ডকুমেন্ট সংরক্ষণ করতে পারবেন যা তার পেনশন প্রক্রিয়াকে আরো সহজ করবে। যেহেতু এই সফটওয়্যার ব্যবহার করে প্রত্যেক কর্মকর্তা/কর্মচারী চাকরির অবস্থায় সকল ডকুমেন্ট আপলোড করতে পারবে সেহেতু কোন কর্মকর্তা/কর্মচারীর কোন ডকুমেন্টের অভাব পড়লে সেটি জোগাড় করা সহজ হবে এবং পেনশন প্রক্রিয়া সহজ হবে। ফলশ্রুতিতে, পেনশন প্রক্রিয়ায় বিলম্বের প্রকৃত কারণ নিরূপণ, কাগজপত্র যাচাইকরণ ও উপযুক্ত প্রমাণক সংযুক্তি এবং এ সংক্রান্ত যাবতীয় সমস্যা সমাধান করে পেনশন ব্যবস্থাপনাকে সঠিকভাবে ও সঠিক গতিতে অগ্রসর করার ব্যাপারে পদক্ষেপ গ্রহণ করা সম্ভব হবে।

ইতঃমধ্যে সফটওয়্যারটি তৈরির কাজ সম্পন্ন করা হয়েছে এবং পর্যায়ক্রমে সফটওয়্যারটি সংশ্লিষ্ট সকল সুবিধা সম্বলিত সিস্টেমে পরিণত হবে যা ঐতিহ্যবাহী এই অধিদপ্তরের পেনশন ব্যবস্থাপনাকে সুশৃঙ্খল, জবাবদিহিমূলক এবং অত্যাধুনিক করে তুলবে।

এমতাবস্থায়, সফটওয়্যারটি ব্যবহারের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো।


২৬/৩/২৫

(মোহাম্মদ শামীম আখতার)

প্রধান প্রকৌশলী

গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

email: ce@pwd.gov.bd

বিতরণঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১) সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
- ২) চীফ ইনোভেশন অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
- ৩) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস)/(পওবিপ্র)/(স্বাস্থ্য উইং)/(ই/এম)/(ই/এম পিএন্ডডি), গণপূর্ত অধিদপ্তর।
- ৪) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন (ঢাকা/ ঢাকা মেট্রপলিটন/ ময়মনসিংহ/ গোপালগঞ্জ/ চট্টগ্রাম/ খুলনা/ বরিশাল/ রাজশাহী/ সিলেট/ রংপুর), গণপূর্ত অধিদপ্তর।
- ৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী,....., গণপূর্ত সার্কেল.....।
- ৬) মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা। (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭) নির্বাহী প্রকৌশলী,....., গণপূর্ত বিভাগ.....।
- ৮) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-০২, ঢাকা। পত্রটি গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো।
- ৯) গার্ড কপি।